

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩


বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের ড. এম. এ. রশীদ হুদ, অমর একুশে হল এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে নতুন প্রভোস্ট (নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে) নিয়োগ প্রদান করা হবে। এ লক্ষ্যে নিম্নোক্ত শর্তের আওতায় প্রভোস্ট হিসেবে দায়িত্ব পালনে আগ্রহী শিক্ষকগণকে আগামী ২৬/০৪/২০২২ইং তারিখের মধ্যে ভাইস-চ্যান্সেলর মহোদয় বরাবর আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তসমূহঃ

- ১। প্রভোস্ট পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে অধ্যাপক বা সহযোগী অধ্যাপক হতে হবে।
- ২। প্রার্থীকে কমপক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ে ০২ (দুই) বছর চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।
- ৩। প্রভোস্ট পদে নিয়োগের ক্ষেত্রে ক্যাম্পাসে বসবাসকারী শিক্ষকগণকে অগ্রাধিকার দেয়া হবে। তবে ক্যাম্পাসে বসবাসরত আগ্রহী শিক্ষক না পাওয়া গেলে সে ক্ষেত্রে ক্যাম্পাসের বাইরে বসবাসরত শিক্ষকগণের মধ্য হতে নিয়োগ দেয়া হবে। এ ক্ষেত্রে প্রভোস্ট/সহকারী প্রভোস্টের মধ্যে কমপক্ষে একজনকে ক্যাম্পাসে বসবাস করতে হবে।
- ৪। পর পর ২ (দুই) বার কোন শিক্ষক প্রভোস্ট হতে পারবেন না।
- ৫। প্রভোস্ট নিয়োগের ক্ষেত্রে কোন শিক্ষককে একাধিক ভাতা প্রাপ্ত পদে নিয়োগদান করা হবে না।
- ৬। ভাইস-চ্যান্সেলর মহোদয় প্রতিষ্ঠানের স্বার্থে যে কোন সময় প্রভোস্ট নিয়োগ সংক্রান্ত নীতিমালা শিথিল করতে পারেন।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,



২৬/০৪/২০২২

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ৩৭৮৫/৩৫

তারিখঃ ২৬/০৪/২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়। (তঁর ইনস্টিটিউটের শিক্ষকগণের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (তঁর বিভাগের শিক্ষকগণের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৪। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ৭। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সংরক্ষণ নথি।



(রাগীব হোসেন) ২৬/০৪/২০২২

সেকশন অফিসার (শ্রেণি-২)